মেহেরপুর জেলা যুবলীগের একাংশের প্রতিবাদ মিছিল ও সমাবেশ

যুবলীগ নেতা আজাদ শেখের হত্যার প্রতিবাদে ও এই হত্যাকাণ্ডের সাথে জড়িত বিএনপি-জামাতের সন্ত্রাসীদের অবিলম্বে গ্রেফতারের দাবিতে কেন্দ্রীয় যুবলীগের নির্দেশে সারা দেশের ন্যায় মেহেরপুরেও জেলা যুবলীগের প্রতিবাদ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (২১ জুলাই) বিকাল সাড়ে পাচটায় মেহেরপুর জেলা যুবলীগের একাংশের আয়োজনে মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক সরফরাজ হোসেন মৃদুলের নেতৃত্বে এই প্রতিবাদ মিছিল সমাবেশ অনুষ্ঠিত হয়।

তবে কর্মসূচি প্রতিবাদ মিছিল ও সমাবেশের হলেও মিছিলের ব্যানারে লেখা ছিল “২০ মে ২০২৩ শনিবার, শান্তি সমাবেশ ও বিক্ষোভ মিছিল। ” মেহেরপুরের বিভিন্ন অনলাইন পোর্টাল ও ফেসবুক পেজে কর্মসূচিটি লাইভ করা হয়। ব্যানারের এই ভুল নিয়ে বিভিন্ন মহলে বিরূপ প্রতিক্রিয়া তৈরি হয়।

উল্লেখ্য ২০ জুলাই খুলনা বিভাগীয় “তারুণ্যের জয়যাত্রা” সমাবেশ শেষে সন্ধ্যায় বাড়ি ফেরার পথে নড়াইলের কালিয়া উপজেলার ১১ নং পেরুলিয়া ইউনিয়নের খেয়াঘাটে ওৎপেতে থাকা বিএনপি-জামাতের সঙ্ঘবদ্ধ সন্ত্রাসী হামলায় ১১ নং পেরুলিয়া ইউনিয়ন যুবলীগ নেতা আজাদ শেখ
(৩০) নিহত হন এবং যুবলীগ কর্মী জনি সরদার গুরুতর আহত হন। বিএনপি-জামাতের ন্যাক্কারজনক সন্ত্রাসী হামলার তীব্র প্রতিবাদ জানিয়েছেন বাংলাদেশ আওয়ামী যুবলীগ চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ ও সাধারণ সম্পাদক আলহাজ্ব মোঃ মাইনুল হোসেন খান নিখিল। একই সাথে যুবলীগ নেতা আজাদ শেখের হত্যাকাণ্ডের প্রতিবাদে এবং এই হত্যাকাণ্ডের সাথে জড়িত বিএনপি-জামাতের সন্ত্রাসীদের অবিলম্বে গ্রেফতারের দাবিতে দেশব্যাপী এই কর্মসূচি পালন করা হয়।